# দেশে ৫০ লাখ মাদকাসক্ত সিংহভাগই শিক্ষার্থী!

■ বিশেষ প্রতিনিধি

দেশে মাদকাসক্তের সংখ্যা প্রায় ৫০ লাখ। এর মধ্যে সিংহভাগই শিক্ষার্থী। মাদক নিয়ন্ত্রণ অধিদফতরের সাম্প্রতিক এক জরিপ থেকে এ তথ্য জানা গেছে। এ দিকে মাদক প্রতিরোধে সচেতনতা বাড়াতে সারাদেশে ২৪ হাজার ২৯৯টি শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠন করা হয়েছে। প্রতিষ্ঠান প্রধানের নেতৃত্বে ধর্মীয় শিক্ষককে সদস্য সচিব করে গঠিত ৫ সদস্যের এ কমিটিতে অভিভাবক ও শিক্ষার্থীদের প্রতিনিধিরাও রয়েছেন।

এ ব্যাপারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের উপ-পরিচালক ( নিরোধ ও শিক্ষা) রবিউল আলম বলেন, ছাত্রদের মধ্যে সচেতনতা বৃদ্ধিতে ২০০৯ সাল থেকেই কমিটি গঠনের এ উদ্যোগ নেওয়া হয়। আর ওই সময় এ কমিটির সংখ্যা ছিল ৫ হাজার ৭৭৯টি। তিনি বলেন, প্রাপ্ত জরিপে দেখা গেছে মাদকাসক্তদের মধ্যে ৮০ শতাংশের বয়স হচ্ছে ১৫ থেকে ৩৫ এর মধ্যে এবং তাদের অধিকাংশই শিক্ষার্থী। তা ছাড়া বড় বড় শহরগুলোতে মাদকাসক্তির প্রবণতা লক্ষ্য করা গেছে।

> ২৪ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী কমিটি করেছে মাদক নিয়ন্ত্রণ অধিদফতর

এই কর্মকর্তা আরো বলেন, মাদকবিরোধী প্রচারণা জোরদার করতে চলতি বছরের জানুয়ারি পর্যন্ত মাদকাসক্তির ভয়াবহতা সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করতে ২৪ হাজার ২৯৯টি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে মাদকবিরোধী কমিটি গঠন করা হয়েছে। এ ক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয় ও ইংরেজি মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রতি বিশেষ নজর দেওয়া হয়েছে। কারণ এসব প্রতিষ্ঠানের কিছু শিক্ষার্থী সহজলভ্যতার কারণে বিশেষ করে ইয়াবাসহ বিভিন্ন ধরনের মাদক গ্রহণ করছে। তিনি বলেন, এই প্রচারণার অংশ হিসেবে গত মাসে নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয়সহ দেশব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা ও সেমিনারের আয়োজন করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত কমিটি প্রতি মাসে এক বার করে বৈঠক করছে। এ ছাড়া প্রত্যেক কমিটি সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সহযোগিতায় বড় ধরনের আলোচনা সভার আয়োজন করেছে। শিক্ষার্থীদের মাঝে মাদকবিরোধী পোস্টার, লিফলেট, স্যুভেনির, বুলেটিনও বিতরণ করা হয়েছে।

এ দিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর সূত্রে জানা গেছে, মাদকবিরোধী প্রচারণার লক্ষ্যে এবার বাংলা একাডেমির একুশে বইমেলায় একটি স্টল নেওয়া হয়েছে। অনেকে এই স্টল পরিদর্শন করছেন।

পৃষ্ঠা ১৯ কলাম ১

## দেশে ৫০ লাখ

প্রথম পৃষ্ঠার পর

বিশেষ করে শিক্ষার্থীরা মাদকের ক্ষতিকর দিক ও তা পরিত্যাগের পন্থা সম্পর্কে কাউন্সিলরদের জিজ্ঞাসা করছেন। এ ছাড়া আন্তর্জাতিক বাণিজ্যমেলাতেও একটি স্টল নেওয়া হয়েছিল। ওখানেও ব্যাপক সাড়া পাওয়া গেছে।